গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ
naogaonsadar.naogaon.gov.bd

নং- ০৫.৪৩.৬৪৬০.০০০.১৬.০০৮.২১- ২৫৬

তারিখঃ- ০১/০৩/২০২১ খ্রিঃ ।

## "নওগাঁ সদর উপজেলার ২০(কুড়ি) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালসমূহের ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা নওগাঁ সদর উপজেলার নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ও যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ২০১২ (সংশোধিত) এর আলোকে নওগাঁ সদর উপজেলাধীন ২০(কুড়ি) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ১৪২৮ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি ও যুব মৎস্যজীবিদের নিবন্ধিত সমিতির নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনপত্র সমূহ নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁ-য় রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র সমূহ খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদন ফরমের মূল্য বাবদ নগদ ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র (অফেরতযোগ্য) জমা প্রদান সাপেক্ষে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নওগাঁ সদর, নওগাঁ ও উপজেলা ভূমি অফিস, নওগাঁ সদর, নওগাঁ হতে সংগ্রহ করা যাবে। অন্যান্য তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এবং উপজেলা ভূমি অফিস, নওগাঁ সদর, নওগাঁর কার্যালয়/নোটিশ বোর্ড হতে জানা যাবে।

### "সময়সূচি"

| পর্যায় | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের শেষ তারিখ | আবেদনপত্র দাখিলের সময় | আবেদনপত্র খোলার সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ২২-০৩-২০২১ খ্রিঃ | ২৩-৩-২০২০২১ খ্রিঃ | সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত | বিকাল ০৩.০০ টা | নির্ধারিত তারিখে কোন কারণে ছুটি ঘোষণা করা হলে পরবর্তী কার্যদিবস প্রয়োজ্য হবে। |
| ২য় পর্যায় | ০৫-০৪-২০২১ খ্রিঃ | ০৬-০৪-২০২১ খ্রিঃ | - ঐ - | - ঐ - | |
| ৩য় পর্যায় | ১২-০৪-২০২১খ্রিঃ | ১৩-০৪-২০২১ খ্রিঃ | - ঐ - | - ঐ - | |

১ম পর্যায়ে দাখিলকৃত দর অনুমোদিত হলে ২য় পর্যায়ের তালিকা হতে অনুমোদিত জলমহালটির নাম বাদ যাবে। অনুরুপভাবে পরবর্তী পর্যায়গুলোতে দাখিলকৃত দর অনুমোদিত হলে পর্যায়ক্রমে তালিকা হতে অনুমোদিত জলমহালটির নাম বাদ যাবে।

০১/০৩/২০২১
মির্জা ইমাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

চলমান পাতাঃ ০২ (দুই)

অনুলিপিঃসদয় অবগতির জন্যঃ

০১। জনাব নিজাম উদ্দিন জলিল(জন), মাননীয় সংসদ সদস্য-৫০,নওগাঁ-৫।

০২। চেয়ারম্যান, নওগাঁ সদর, নওগাঁ।

অনুলিপি কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ৫০, নওগাঁ-৫

০২. জেলা প্রশাসক, নওগাঁ

০৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ

০৪. পুলিশ সুপার, নওগাঁ

০৫. উপপরিচালক. স্থানীয় সরকার, নওগাঁ

০৬. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), নওগাঁ

০৭. মেয়র, নওগাঁ পৌরসভা, নওগাঁ

০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ

০৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ

১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের অনুরোধ জানিয়ে প্রেরণ করা হলোঃ

০১. সহকারী কমিশনার(ভূমি), নওগাঁ সদর, নওগাঁ

০২. উপজেলা ........................................অফিসার(সকল), নওগাঁ সদর, নওগাঁ

০৩. চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ(সকল), নওগাঁ সদর, নওগাঁ

০৪. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................................... ইউনিয়ন ভূমি অফিস(সকল), নওগাঁ সদর, নওগাঁ

০৫. সভাপতি/সম্পাদক, ...................................................মৎস্যজীবি সংগঠন/সমিতি, যুব মৎস্যজীবিদের নিবন্ধিত সমিতি, ..............................., নওগাঁ সদর, নওগাঁ

০৬. জনাব ..................................................................................................................................

০৯/০৩/২০২১

মির্জা ইমাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ফোনঃ ০১৭৩০-৪৬০০০৬

"নওগাঁ সদর উপজেলার ২০(কুড়ি) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলমহালসমূহ ১৪২৮-১৪৩০ বঙ্গাব্দে ০৩ (তিন) বছর মেয়াদে ইজারার শর্তাবলী"

০১.সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ২০১২(সংশোধিত) এর আলোকে নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি ও যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। কোন ব্যক্তি বা অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেন না।

০২.প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৩.আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরুপ জেলা বা উপজেলা সমবায় অফিসার/সমাজসেবা অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমানের প্রয়োজন হবে না।

০৪.তালিকায় বর্ণিত সকল সরকারি বদ্ধ জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে। নির্ধারিত সরকারি মূল্য অপেক্ষা কম মূল্যে ইজারা প্রদান করা হবে না।

০৫.সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নহে, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কি-না এবং নিবন্ধনকৃত কি-না, তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৬. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ও যুব মৎস্যজীবীদের নিবন্ধিত সমিতির ০২(দুই)টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত নিতে পারবেন না।

০৭. ইজারার মেয়াদ ১৪২৮ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ১৪৩০ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য বলবৎ থাকবে।

০৮. আবেদনপত্রের সাথে উদ্ধৃত ০৩(তিন) বছরের মোট ইজারামূল্যের ২০% হারে জামানত "উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ" এর অনুকূলে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। জামানতের ২০% অর্থ শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৯. সর্বোচ্চ দর গৃহিত হওয়ার ১৫(পনের) কর্মদিবসের মধ্যে ১ম বছরের সমুদয় ইজারামূল্য ১/৪৬৩১/০০০০/১২৬১; ইজারামূল্যের উপর ১৫% হারে ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ এবং ৫% হারে আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করে চালানের মূল কপি এ কার্যালয়ে দাখিল করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রীয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহালটি পুন:ইজারা প্রদান করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০. ০৩(তিন) বছর মেয়াদে জলমহালের ইজারামূল্য, ভ্যাট ও আয়কর বাংলা সন ভিত্তিক পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ন ইজারামূল্য, ভ্যাট ও আয়কর ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী সময়ের ইজারামূল্য, ভ্যাট ও আয়কর একইভাবে পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১১. টেন্ডারে গৃহিত ইজারামূল্য ০৩(তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে জলমহাল সম্পর্কে তথ্য জেনে নিশ্চিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১২. ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭(সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দায়িত্বে ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপিসহ ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষের সাথে চুক্তিনামা সম্পাদন এবং সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে।

১৩. কর্তৃপক্ষ কর্তৃক আবেদনপত্র চূড়ান্তভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবে না। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তার ক্ষতিসাধন করতে পারবে না। কেউ যাতে সরকারি জলমহালে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারাগ্রহীতা নিশ্চিত করবেন।

১৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে টেন্ডারে অংশগ্রহণকারী সংক্ষুদ্ধ সমিতি যদি জামানতের অর্থ ফেরত নিয়ে না থাকেন তবে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের নিকট আপিল দায়ের করতে পারবেন।

১৫. ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব-লীজ প্রদান করা যাবে না। অনুরূপ অভিযোগ প্রমাণিত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা বা সমিতি পরবর্তী ০৩(তিন) বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত টেন্ডারে অংশগ্রহণ করতে পারবে না। এছাড়া মৎস্য সংক্রান্ত আইন এবং সময় সময় জারীকৃত সরকারি বিধিবিধান ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৬. জলমহাল ইজারার ক্ষেত্রে জারীকৃত সরকারি নীতিমালা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক। ইজারা প্রদান বিলম্বের দরুন ইজারার অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না অথবা খাসে আদায়কৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদনপত্রের খামে জলমহালের নাম ও ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।

চলমান পাতা : ০২(দুই)

১৭. আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ বরাবরে দাখিল করতে হবে।

১৮. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও ২০১২(সংশোধিত) অনুযায়ী আবেদনের সাথে মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) ও নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

১৯. আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ণপত্র সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩(তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে।

২০. তালিকাভূক্ত কোন জলমহালের বিপরীতে কোন মামলায় নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ/স্থিতাবস্তার আদেশ থাকলে কর্তৃপক্ষ অবহিত হওয়া মাত্র সেসকল জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে।

২১. যেকোন আবেদনপত্র গ্রহন, বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করেন।

০৭/০৩/২০২১

মির্জা ইমাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি